ডাক (৫৬৪) ; অফিস ব্যবস্থাপনা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০১.২১.৩২৩

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৮
০৭ ডিসেম্বর ২০২১

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গঠিত নিরাপত্তা বিষয়ক উপকমিটির সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

৭-১২-২০২১
মোঃ আবদুল কাদির
উপসচিব
ইমেইল: admin3@ssd.gov.bd

১) সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ
২) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৪.২৩.০০১.২১.৩২৩/১

তারিখ: ২২ অগ্রহায়ণ ১৪২৮
০৭ ডিসেম্বর ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ

| কারা অধিদপ্তর | | |
|---|---|---|
| [illegible] | [illegible] | □ জরুরি ভিত্তিতে ব্যবস্থা নিন |
| [illegible] | [illegible] | □ পরীক্ষান্তে উপস্থাপন করুন |
| স কা ম প (প্রশাঃ) | [illegible] | প্রয়োজনীয় ব্যবস্থা নিন<br>□ আলোচনা করুন |

৭-১২-২০২১
মোঃ আবদুল কাদির
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কারা অধিদপ্তর**
৩০/৩ উমেশ দত্ত রোড, বকশি বাজার, ঢাকা-১২১১।
www.prison.gov.bd

পত্র নং-৫৮.০৪.০০০০.০২১.০৩.০০১.২০২০- ১১৭২

তারিখঃ ২৮ অগ্রহায়ণ' ১৪২৮
১২ ডিসেম্বর' ২০২১

স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ, প্রশাসন-৩ শাখা এর স্মারক নং-৫৮.০০.০০০০.০১৪.২৩.০০১.২১-৩২৩ তারিখঃ ০৭-১২-২০২১ এর অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলোঃ

১। প্রকল্প পরিচালক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
২। কারা উপ-মহাপরিদর্শক, সকল বিভাগ, সকল সদর দপ্তর।
আপনার অধীনস্থ কারাগারসমূহে অনুলিপি প্রেরণপূর্বক এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
৩। সিনিয়র জেল সুপার/জেল সুপার, সকল কেন্দ্রীয়/জেলা কারাগার।
৪। কমান্ড্যান্ট, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী।
৫। সহকারী কারা মহাপরিদর্শক, সকল, কারা অধিদপ্তর, ঢাকা।
৬। পরিচালক, কারা প্রশিক্ষণ ইন্সটিটিউট, ঢাকা।
৭। প্রশাসনিক কর্মকর্তা-১, ২/বাজেট অফিসার/পরিসংখ্যানবিদ/স্টাফ অফিসার, কারা অধিদপ্তর, ঢাকা।
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, প্রিজন সিকিউরিটি ইউনিট, কারা অধিদপ্তর, ঢাকা।
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারা অধিদপ্তর, ঢাকা।
স্মারকটি কারা অধিদপ্তরের নিজস্ব ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো
১০। ব্যক্তিগত সহকারী, কারা অধিদপ্তর, ঢাকা। কারা মহাপরিদর্শক, অতিরিক্ত কারা মহাপরিদর্শক ও কারা উপ-মহাপরিদর্শক (সঃদঃ) মহোদয়ের সদয় অবগতির জন্য।
১১। শাখা প্রধান, সকল শাখা, কারা অধিদপ্তর, ঢাকা।
১২। গার্ড ফাইল।

১২/১২/২০২১
মোঃ মাইন উদ্দিন ভূইয়া
সহকারী কারা মহাপরিদর্শক (প্রশাসন)
পক্ষে- কারা মহাপরিদর্শক।
ফোন- ৫৭৩০০৫১৪ (দপ্তর)
aig.adm@prison.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
রাজনৈতিক অধিশাখা-৬
www.mhapsd.gov.bd

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষে গঠিত নিরাপত্তা বিষয়ক উপকমিটি'র ৪র্থ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | আসাদুজ্জামান খান, এমপি<br>মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| তারিখ ও সময় | ঃ | ১১ নভেম্বর ২০২১, সকাল ১১.৩০ টা |
| স্থান | ঃ | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| সরাসরি উপস্থিত ও Zoom প্লাটফরমে সংযুক্ত কর্মকর্তাদের নাম ও পদবি | ঃ | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে মুজিববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করেন। তিনি বলেন যে, আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে মুজিববর্ষের অনুষ্ঠান কর্মসূচি উদ্‌যাপনের মেয়াদ শেষ হবে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী ও মহান বিজয় দিবসকে সামনে রেখে 'জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায়' ০২(দুই) দিনব্যাপী মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠানের কর্মসূচিসমূহের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে করণীয় নির্ধারণের জন্য গঠিত নিরাপত্তা বিষয়ক উপ-কমিটির ৪র্থ সভা অদ্য অনুষ্ঠিত হচ্ছে। তিনি বলেন মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান শান্তিপূর্ণভাবে আয়োজনের লক্ষ্যে সকলের সার্বিক সহযোগিতার একান্ত প্রয়োজন। কোন গোষ্ঠী বা সংগঠন মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠানের গৃহীত কর্মসূচীর বিরুদ্ধে যাতে কোন অপপ্রচার চালিয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটাতে না পারে এ জন্য সংশ্লিষ্ট সকলকে তৎপর থাকার জন্য নির্দেশনা প্রদান করেন। অতঃপর সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগকে সভা পরিচালনার অনুরোধ জানান।

২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ সভায় উপস্থিত এবং ভার্চুয়াল প্লাটফরমে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন ও মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান এবং একই সাথে ১৬ ডিসেম্বর ২০২১ মহান বিজয় দিবস অনুষ্ঠান আয়োজিত হবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর অনুষ্ঠান আগামী ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখ 'জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায়' ০২(দুই) দিনব্যাপী অনুষ্ঠিত হবে। উপস্থিত আমন্ত্রিত অতিথিবৃন্দ ও গাড়ীর চালকদের ডাবল কোভিড-১৯ ভ্যাকসিনেশন কার্ড ও নেগেটিভ সনদ বহন করতে হবে। অন্যথায় অনুষ্ঠানস্থলে প্রবেশ সংরক্ষিত হবে। যে সকল অথিতিবৃন্দ অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন তাদের তালিকা এসবি এবং ডিএমপির নিকট পূর্বেই প্রেরণ করতে হবে। অতিথিদের উপস্থিতি অনলাইনে রেজিস্ট্রাশনের মাধ্যমে নিশ্চিত করতে হবে। মুজিববর্ষ অনুষ্ঠান কর্মসূচী কিভাবে আয়োজন করা হবে সে সম্পর্কে জাতীয় বাস্তবায়ন কমিটি'র অতিরিক্ত সচিবকে ভিডিও চিত্রের মাধ্যেমে উপস্থাপন করার জন্য অনুরোধ জানান।

৩। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি'র অতিরিক্ত সচিব সভায় সরাসরি উপস্থিত এবং ভার্চুয়ালি সংযুক্ত বিভিন্ন সংস্থা/বিভাগের সদস্যবৃন্দ ও কর্মকর্তাগণকে আন্তরিক ধন্যবাদ জানিয়ে বলেন, বিভিন্ন অনুষ্ঠানমালা নিয়ে মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান 'জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায়' আগামী ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখ ০২(দুই) দিনব্যাপী আয়োজন করা হবে। এছাড়াও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি'র পক্ষে থেকে আগামী ২৯ নভেম্বর ২০২১ তারিখ টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধীতে শ্রদ্ধা নিবেদন করা হবে। সরকারি শেখ মুজিবুর রহমান প্রাথমিক বিদ্যালয়ে ২৪-২৮ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত সংস্কৃতিক অনুষ্ঠানসহ কয়েকটি স্থানে লোকজ মেলার আয়োজন করা হবে। মাননীয় প্রধানমন্ত্রী টুঙ্গিপাড়ার জাতির পিতা মাজার শরীফে উপস্থিত হয়ে দোয়ায় অংশগ্রহণ করবেন। জেলা প্রশাসক, গোপালগঞ্জ এর নেতৃত্বে শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে বই মেলার আয়োজন করা হবে। তিনি আরও বলেন আমন্ত্রিত অতিথিগণের কোভিড-১৯ স্বাস্থ্য ঝুঁকি নিরসনে স্বাস্থ্য সেবা বিভাগ অনুষ্ঠানস্থলে সার্বিক সহযোগিতা প্রদান করবে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) অনুবিভাগ
যুগ্মসচিব/উপসচিব (প্রশাসন/বাজেট/মিশন)
উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশাসন-১/২ ৩) (বাজেট-১/২) মিশন শাখা-১/২)
নং- ৬৪৮ স্বাক্ষর:
তারিখ: ০১/০২/২০২২

৪। জাতীয় বাস্তবায়ন কমিটির যুগ্ম সচিব, অজয় কুমার চক্রবর্তী উপস্থিত ও ভার্চুয়াল সংযুক্ত সকলবে ধন্যবাদ জানিয়ে বলেন, মুজিববর্ষের ০২ (দুই) দিন ব্যাপী সমাপনী অনুষ্ঠানের মূল প্রতিপাদ্য বিষয় হলো "মহানায়কের মহাবিজয়" আগামী ১৬ ডিসেম্বর ২০২১ মহান বিজয় দিবসে মুজিববর্ষেয় সমাপনী অনুষ্ঠান শুরুতে বিজয় শপথের মাধ্যমে আলোচনা সভা অনুষ্ঠিত হবে। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় বেলা ৩.৩০ আলোচনা সভা পরিচালনা করবে। বিকাল ৫.০১ মিনিট থেকে ৫.০৫ মিনিট পর্যন্ত পাক হানাদার বাহিনী নির্মমতার ভিডিও চিত্র প্রদর্শন করা হবে। গেস্ট অব অনার হিসেবে ০২ (দুই) জন বিদেশী মেহমান উপস্থিত থাকার আশা করা হচ্ছে। দক্ষিণ প্লাজায় সামাজিক দূরত্ব বজায় রেখে ০৩ ফুট দূরত্বে বসার আসনের ব্যবস্থা করে ৪০০০ (চার হাজার) আমন্ত্রিত অতিথিবৃন্দের উপস্থিতির পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। আইন-শৃঙ্খলাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে এসবি পাশ, গাড়ী পার্কিং এর সুব্যবস্থা এবং ভিআইপি লাউঞ্জের তদারকিতে কোন প্রকার শৈথিল্য প্রদর্শন করা হবে না। তিনি আরও বলেন আগামী ২৪-২৯ নভেম্বর ২০২১ গোপালগঞ্জ টুঙ্গিপাড়া "হৃদয়ে পিতৃভূমি" প্রতিপাদ্য নিয়ে আয়োজিত অনুষ্ঠানে মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন।

৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী গণপূর্ত, মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠানের আয়োজনস্থলের পরিকল্পনার 'পাওয়ার পয়েন্ট' প্রেজেন্টেশকালে বলেন, জাতীয় সংসদ ভবনে দক্ষিণ প্লাজায় জাতীয় প্যারেড স্কয়ারের চেয়ে অধিক আয়তনের জায়গা নিয়ে মূল অনুষ্ঠানস্থল প্রস্তুত করা হচ্ছে। স্বাস্থ্যবিধি ও সামাজিক দূরত্ব মেনে ৪০০০ (চার হাজার) আমন্ত্রিত অতিথিবৃন্দের অনুষ্ঠানে অংশগ্রহনের ব্যবস্থা থাকবে। মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠানে আমন্ত্রিত আতিথিবৃন্দের জন্য মোট ৫৫০০ টি গাড়ি পাকিং এর সুব্যবস্থার পরিকল্পনা করা হয়েছে। রেসিডেনসিয়াল মডেল স্কুল এন্ড কলেজ মাঠে ১৫০০ গাড়ী পার্কিংসহ জাতীয় রপ্তানী মেলা আগাঁরগাও মাঠ, রাজধানী স্কুল মাঠ এবং আড়ং এর পার্শ্বে আসাদগেটের মাঠে গাড়ী পার্কিং এর ব্যবস্থা থাকবে।

৬। উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয় বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের শতবর্ষ পূর্তি উপলক্ষে বর্ণাঢ্য অনুষ্ঠানমালার আয়োজন করা হচ্ছে। মহামান্য রাষ্ট্রপতি আগামী ০১ ডিসেম্বর ২০২১ তারিখে আয়োজিতব্য অনুষ্ঠান উদ্বোধন করবেন। এই বর্ণাঢ্য অনুষ্ঠানে আগামী ১-৪ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত প্রতিদিন বিকালে ০১ (এক) ঘন্টার আলোচনা সভার পর সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন থাকবে। এছাড়া আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখে বিজয় দিবসের বিকাল বেলা বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন করা হবে। উক্ত অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয় খেলার মাঠে ধারণ ক্ষমতা ২০(বিশ) হাজার থাকা সত্ত্বেও স্বাস্থ্যবিধি মেনে অর্ধেক আসনের ব্যবস্থা করা হবে। তাছাড়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিতরে বেশ কিছু জায়গায় বড় বড় ডিজিটাল এলইডি পর্দার মাধ্যমে অনুষ্ঠান সরাসরি সম্প্রচার করার ব্যবস্থা রাখা হবে। এ বিষয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রক্টর আইন-শৃঙ্খলা বাহিনী ও বিভিন্ন সংস্থাকে অবহিত করে আনুষ্ঠানিক কার্যক্রম সমন্বয় করবে। পরিশেষে তিনি বলেন স্বাধীনতার সুর্বণ জয়ন্তী ও মুজিবর্ষের সমাপনী অনুষ্ঠান এবং আগামী ১৬ ডিসেম্বরে বিজয় দিবস কুচকাওয়াজ উদযাপনে তাদের আন্তরিক সহযোগিতা অব্যাহত থাকবে।

৭। কমিশনার ডিএমপি সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, আগামী ১৬ ডিসেম্বর ২০২১ তারিখ মহান বিজয় দিবসের কুচকাওয়াজ অনুষ্ঠান উপলক্ষে সকল বাহিনীর কয়েক হাজার সদস্য জাতীয় প্যারেড স্কয়ারে উপস্থিত হয়ে প্যারেডে অংশগ্রহণ করবেন। এছাড়াও সশস্ত্র বাহিনীর বিভিন্ন সাঁজোয়া গাড়ী বহর প্রর্দশন করা হবে। যদি ১৬ তারিখ 'জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায়' ০২(দুই) দিনব্যাপী অনুষ্ঠান আয়োজন করা হয় তাহলে ঢাকা শহরের রাস্তায় তীব্র যানজট সৃষ্টি হবে যা নিয়ন্ত্রণ করা কঠিন হবে। যে সকল অতিথিবৃন্দ প্যারেড স্কয়ারে অংশগ্রহণ করবে সে সকল অতিথিবৃন্দের অধিকাংশই প্যারেড অনুষ্ঠান শেষে 'জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায়' মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন, যার ফলে দেশি-বিদেশি ভিআইপি অতিথিদের অনুষ্ঠানস্থলে পৌছানো কষ্টসাধ্য হবে। একই দিনে পাশাপাশি ২(দুই)টি বড় ধরণের অনুষ্ঠান আয়োজন করা হলে বিশৃঙ্খলা সৃষ্টি হতে পারে। মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান 'জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায়' আগামী ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখে আয়োজন না করে আগে বা পরে সুবিধাজনক সময়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় সম্মতিক্রমে আয়োজন বিবেচনার জন্য অনুরোধ করা যেতে পারে। তিনি আরও বলেন অতিথিবৃন্দের যাতায়াতে ব্যবহৃত গ্যাস সিলিন্ডারের কোন গাড়ী যাতে অনুষ্ঠানস্থল বা পার্কিং এ অবস্থান করতে না পারে সে জন্য কঠোর নজরদারী অব্যাহত রাখতে হবে।

৮। সচিব, সুরক্ষা সেবা বিভাগ বলেন, মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠানসহ বিজয় দিবসের সকল আনুষ্ঠানিকতা অধিক গুরুত্ব বিবেচনায় ফায়ার সার্ভিসের অগ্নিনির্বাপক গাড়ী ও ফায়ারম্যান এবং অ্যাম্বুলেন্স পর্যাপ্ত সংখ্যক মোতায়েন থাকবে।

৯। সচিব, সংসদ সচিবালয় বলেন, আগামী ১৪ নভেম্বর হতে জাতীয় সংসদের ১৫তম অধিবেশন শুরু হবে যা মহামান্য রাষ্ট্রপতির ভাষণের মধ্যে দিয়ে আগামী ২৪ নভেম্বর ২০২১ তারিখ সমাপ্ত হবে। দক্ষিণ প্লাজায় মুজিবর্ষের সমাপনী অনুষ্ঠান কর্মসূচী আয়োজনস্থলের নির্মাণ কাজ আগামী ২৫ নভেম্বরের পূর্বে শুরু করা সম্ভব হবে না মর্মে তিনি সভাকে অবহিত করেন।

১০। সার্জেন্ট এ্যাট আর্মস, জাতীয় সংসদ সচিবালয় বলেন, আগামী ১৬-১৭ ডিসেম্বর ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় আয়োজিত মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠানস্থলের নির্মাণ শ্রমিকদের নামের তালিকা যেন পূর্ব হতে নিরাপত্তার স্বার্থে তাদের নিকট প্রেরণ করা হয়। তিনি আরও বলেন মুজিববর্ষ সমাপনী অনুষ্ঠান নির্বিঘ্নে আয়োজনে সব ধরণের সহযোগিতা প্রদান করা হবে।

১১। মহাপরিচালক, পররাষ্ট্র মন্ত্রণালয় সকলকে ধন্যবাদ জানিয়ে বলেন, গত বছর ১০ (দশ) দিনব্যাপী মুজিববর্ষ উদযাপন উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন দেশের রাষ্ট্রপ্রধান ও সরকার প্রধান অংশগ্রহণ করেছিলেন এবং বিদেশী গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গ ভিডিও বার্তার মাধ্যমে বাণী প্রেরণ করেছিলেন। এ বছরও বিভিন্ন দেশ হতে ভিডিও বার্তা প্রেরণ করবেন মর্মে আশা করা যাচ্ছে। যে সকল বিদেশি অতিথিবৃন্দ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর সমাপনী অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন তাদের উপস্থিতি পূর্ব হতে রেজিস্ট্রেশনের মাধ্যমে নিশ্চিত করলে অনেককে আমন্ত্রণ জানানোর পাশাপাশি উপস্থিত অতিথিবৃন্দের সংখ্যা নিরূপন করা সহজ হবে।

১২। সভায় মহাপরিচালক, বিজিবি; মহাপরিচালক, এনএসআই; মহাপরিচালক, আনসার ও ভিডিপি; মহাপরিচালক, র‍্যাব; মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স; প্রতিনিধি, পুলিশ; প্রতিনিধি, এসবি; প্রতিনিধি, ডিজিএফআই; এবং 'ভার্চুয়াল' ভাবে (online) সংযুক্ত স্থানীয় সরকার বিভাগ, সশস্ত্র বাহিনী বিভাগ, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, এসএসএফ, জাতীয় নিরাপত্তা বিষয়ক সেল, বিভাগীয় কমিশনার, ঢাকা, প্রধানমন্ত্রীর কার্যালয় এবং জেলা প্রশাসক, ঢাকা কর্তৃক পৃথক পৃথকভাবে তাঁদের নিজ নিজ মন্ত্রণালয়, বিভাগ, অধিদপ্তর ও প্রতিষ্ঠানে গৃহীত কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তাঁরা প্রত্যেকেই অতিমারি কোভিড-১৯ মোকাবেলায় সরকারের যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ পূর্বক ফেস মাস্ক ব্যবহার করে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানমালায় সকলের অংশগ্রহণে সফলভাবে সম্পন্ন করতে একমত পোষণ করেন।

১৩। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্ব সম্মতক্রমে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় ঃ

| ক্র: নং | আলোচ্যসূচি | সম্ভাব্য কার্যক্রম | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | আমন্ত্রিত অতিথি আগমন ও আসন গ্রহণ | মুজিববর্ষ সমাপনী অনুষ্ঠানে নির্ধারিত তারিখে আমন্ত্রিত অতিথিবৃন্দ ১২.০০ হতে ২.৩০ ঘটিকার মধ্যে আগমন ও আসন গ্রহণ নিশ্চিত করতে হবে। | জাতীয় বাস্তবায়ন কমিটি/ সংশ্লিষ্ট সকল |
| ২. | মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর আগমন | (১) মাননীয় প্রধানমন্ত্রীর বিকাল ২.৫৮ টায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় আগমন ও প্রত্যাবর্তনকালীন নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) মহামান্য রাষ্ট্রপতির বিকাল ২.৫৯ টায় জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় আগমন ও প্রত্যাবর্তনকালীন নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এসএসএফ/ ডিএমপি/সার্জেন্ট এ্যাট আর্মস, বাংলাদেশ সংসদ সচিবালয় |
| ৩. | জাতীয় পতাকা উত্তোলনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ | সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী সঠিক মাপ ও যথাযথ রঙের জাতীয় পতাকা উত্তোলনসহ জাতীয় সংগীত পরিবেশনা ও শপথ অনুষ্ঠানে সারা দেশে নিরাপত্তা নিশ্চিত করতে স্থানীয় প্রশাসন-কে সহায়তা প্রদান করতে হবে।<br>**[সারা দেশ থেকে একযোগে ভার্চুয়ালি সংযুক্ত থেকে অংশগ্রহণ]** | বিভাগীয় কমিশনার (সকল)/ পুলিশ কমিশনার (সকল)/ ডিআইজি (সকল)/ জেলা প্রশাসক (সকল)/পুলিশ সুপার (সকল)। |
| ৪. | আমন্ত্রিত অতিথি ভিভিআইপি, ভিআইপি ও অন্যান্যদের নিরাপত্তা নিশ্চিতকরণ | (ক) আগামি ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত ০২ দিনব্যাপী অনুষ্ঠানে আগত বিশিষ্ট ব্যক্তিবর্গসহ দেশি-বিদেশি অতিথিদের নিরাপত্তার জন্য গুরুত্ব বিবেচনায় বিমান বন্দর হতে আনা-নেয়ার সময় এসকর্ট প্রদানসহ গোয়েন্দা নজরদারী বৃদ্ধি করতে হবে। **[দেশি-বিদেশি অতিথি যদি থাকে]**<br>(খ) গুরুত্বপূর্ণ অতিথিগণ যে সকল আবাসিক হোটেলে অবস্থান করবেন, সেসব হোটেলের নিরাপত্তায় প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | জাতীয় বাস্তবায়ন কমিটি/পুলিশ অধিদপ্তর/ র‍্যাব/ডিএমপি |

| | | | |
|---|---|---|---|
| | | (গ) বিদেশি অতিথিবৃন্দের সকল আবাসিক হোটেলে আগমনের পূর্বেই সংশ্লিষ্ট হোটেলের ক্যান্টিন বয়, ক্লিনার, ওয়েটারসহ সকলের প্রাক-পরিচয় যাচাইপূর্বক নিরাপত্তা ছাড়পত্র প্রদানের কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(ঘ) হোটেলের অভ্যন্তরে ও বাইরে সিসি ক্যামেরাসহ প্রবেশ পথে আর্চওয়ে ও লাগেজ স্ক্যানার স্থাপন করতে হবে। | |
| ৫. | জাতীয় সংসদ ভবনের নিরাপত্তা নিশ্চিতকরণ | (ক) জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী এবং জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় ০২(দুই) দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানে নিরাপত্তার লক্ষ্যে "নিরাপত্তা বিষয়ক উপ-কমিটির" সাথে যোগাযোগ ও সমন্বয় করে প্রযোজ্য ক্ষেত্রে আইন-শৃঙ্খলা বাহিনীর পাশাপাশি স্বেচ্ছাসেবক নিয়োগ করতে হবে।<br>(গ) আগামি ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত ০২(দুই) দিনব্যাপী জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় ও পার্শ্ববর্তী এলাকায় পোশাকধারী পুলিশের পাশাপাশি সাদা পোশাকে পুলিশ ও গোয়েন্দা সংস্থার সদস্য নিয়োগ করতে হবে।<br>(ঘ) অনুষ্ঠানস্থলে অতিগুরুত্বপূর্ণ ও গুরুত্বপূর্ণ অতিথিবৃন্দের জন্য আলাদা প্রবেশ পথের ব্যবস্থা করতে হবে।<br>(ঙ) অন্যান্য বিশিষ্ট অতিথিবৃন্দের জন্য আলাদা প্রবেশ পথের ব্যবস্থা করতে হবে।<br>(চ) আগামি ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত ০২(দুই) দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানের নিমিত্ত জাতীয় সংসদ ভবনের (দক্ষিণ প্লাজা) নিরাপত্তার জন্য আর্চওয়ে এবং সিসি ক্যামেরা স্থাপন করতে হবে।<br>(ছ) জাতীয় সংসদ ভবনের (দক্ষিণ প্লাজা) অভ্যন্তরীণ নিরাপত্তা নিশ্চিত করাসহ জরুরি নির্গমনের ব্যবস্থাগ্রহণ করতে হবে।<br>(জ) আগামি ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত ০২(দুই) দিনব্যাপী আয়োজিত অনুষ্ঠানে জাতীয় সংসদ ভবনের (দক্ষিণ প্লাজা) প্রবেশ পথে ভ্রাম্যমান দোকান ও নির্মাণ সমগ্রী থাকলে তা অপসারণ করতে হবে। | জাতীয় বাস্তবায়ন কমিটি/পুলিশ অধিদপ্তর/র‌্যাব/ আনসার ও ভিডিপি/ এসবি/এনএসআই/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| ৬. | নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থাগ্রহণ। | (ক) আগামি ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত ০২(দুই) দিনব্যাপী জাতীয় সংসদ ভবনের (দক্ষিণ প্লাজা) আয়োজিত অনুষ্ঠানের কর্মসূচীতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের পাশা পাশি জেনারেটরের ব্যবস্থা রাখতে হবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক সারা- দেশে অনুষ্ঠান স্থলের তালিকা পূর্বেই স্থানীয় বিদ্যুৎ অফিসকে সরবরাহ করবেন।<br>(খ) বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য বিদ্যুৎ সংশ্লিষ্ট কারিগরি সেবা প্রদানকারি ব্যক্তিবর্গের নিরাপত্তা পাশ ইস্যু করতে হবে। | বিদ্যুৎ বিভাগ/ ডিপিডিসি লিঃ/ ডিএমপি/ ঢাকা উত্তর সিটি কর্পোরেশন |
| ৭. | ট্রাফিক নিয়ন্ত্রণ। | (ক) বঙ্গভবন এবং মাননীয় প্রধানমন্ত্রীর বাসভবন থেকে মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর গমনাগমন পথে ট্রাফিক নিয়ন্ত্রণের ব্যবস্থা করতে হবে।<br>(খ) জাতীয় সংসদ ভবনের (দক্ষিণ প্লাজা) অনুষ্ঠানস্থলে এবং আশেপাশের এলাকায় আগামি ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত সকাল হতে অনুষ্ঠান চলাকালীন সময় পর্যন্ত ট্রাফিক নিয়ন্ত্রণ রাখতে হবে।<br>(গ) জাতীয় সংসদ ভবনের (দক্ষিণ প্লাজা) অনুষ্ঠানস্থলে নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে।<br>(ঘ) আমন্ত্রিত অতিথিবৃন্দের জন্য সুবিধাজনক স্থানে যানবাহনের পার্কিং এর ব্যবস্থা করতে হবে। | পুলিশ অধিদপ্তর/ এসএসএফ/ডিএমপি/ অতিরিক্ত আইজিপি হাইওয়ে, ঢাকা |
| ৮. | খাবার পানির ব্যবস্থা গ্রহণ, ধুলোবালি নিয়ন্ত্রণ ও ভ্রাম্যমান টয়লেট স্থাপন | (ক) অনুষ্ঠানস্থলে আগামি ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখ পর্যন্ত প্রয়োজনীয় বিশুদ্ধ খাবার পানি সরবরাহ করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(খ) ধুলাবালি নিয়ন্ত্রণের লক্ষ্যে সংশ্লিষ্ট রাস্তায় পানি ছিটানো, মাঠ ভিজানোসহ স্থান বিবেচনায় ভ্রাম্যমান টয়লেট স্থাপন করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | ঢাকা ওয়াসা/ঢাকা উত্তর সিটি কর্পোরেশন /সংশ্লিষ্ট সকল |

| | | | |
|---|---|---|---|
| ৯. | অগ্নিনির্বাপনী গাড়ী/এ্যাম্বুলেন্স মোতায়েন | জাতীয় সংসদ ভবনের (দক্ষিণ প্লাজা) অনুষ্ঠানস্থলে এবং দেশের যে সকল স্থানে এ উপলক্ষে অনুষ্ঠান আয়োজন করা হবে সে সকল স্থানে প্রয়োজনীয় জনবলসহ অগ্নিনির্বাপনী গাড়ী, এ্যাম্বুলেন্স ও মোটর সাইকেল মোতায়ন করতে হবে। | সুরক্ষা সেবা বিভাগ/ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর/ ডিএমপি, ঢাকা |
| ১০. | কোভিড-১৯ সংক্রমণ রোধকল্পে করণীয় | (ক) জাতীয় সংসদ ভবনের (দক্ষিণ প্লাজা) অনুষ্ঠানস্থলে প্রবেশ পথে জীবানুনাশক অটো স্প্রে মেশিন স্থাপন করতে হবে।<br>(খ) প্রবেশ পথে থার্মাল স্ক্যানার দিয়ে তাপমাত্রা মাপার ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(গ) আমন্ত্রিত অতিথিদের বাধ্যতামূলকভাবে মাস্ক পরিধান করা এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(ঘ) অনুষ্ঠানস্থলে (আসনস্থল) পর্যাপ্ত হ্যান্ড স্যানিটাইজার এর ব্যবস্থা রাখতে হবে। | জাতীয় কমিটি/ জাতীয় বাস্তবায়ন কমিটি/নিরাপত্তা বিষয়ক উপকমিটি |
| ১১. | ওয়ার্কিং কমিটি গঠন | জাতীয় সংসদ ভবনের (দক্ষিণ প্লাজা) অনুষ্ঠানস্থলে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর সমাপনী অনুষ্ঠান উপলক্ষে অনুষ্ঠানস্থলে উপযুক্ত ব্যক্তি/কর্মকর্তা নিয়ে ওয়ার্কিং কমিটি গঠন করতে হবে। | জাতীয় কমিটি/ জাতীয় বাস্তবায়ন কমিটি |
| ১২. | বিবিধ | (ক) কোন গোষ্ঠী বা সংগঠন মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠানের গৃহীত কর্মসূচীর বিরুদ্ধে যাতে অপপ্রচার চালিয়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি ঘটাতে না পারে সে জন্য বিভিন্ন গণমাধ্যম প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়াতে প্রচার ও প্রচারণার ব্যবস্থা করতে হবে।<br>(খ) মাননীয় প্রধানমন্ত্রীর সাথে আলোচনা করে আগামী ১৬-১৭ ডিসেম্বর ২০২১ তারিখের আগে বা পরে সুবিধাজনক সময়ে মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান আয়োজন বিবেচনা করার জন্য জাতীয় বাস্তবায়ন কমিটি'র প্রধান সমন্বয়ককে অনুরোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(গ) মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠানের আইন-শৃঙ্খলা পরিস্থিতিসহ সার্বিক নিরাপত্তা আরও জোরদার করার লক্ষ্যে আগামি ০১ ডিসেম্বর ২০২১ তারিখ সকাল বেলায় নিরাপত্তা বিষয়ক উপকিমিটির একটি সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>(ঘ) আমন্ত্রিত অতিথিবৃন্দ ও গাড়ী চালকদের ডাবল ভ্যাকসিনেশন কার্ড বহন করতে হবে।<br>(ঙ) অনুষ্ঠানস্থল প্রবেশের পূর্বে কোভিড-১৯ নেগেটিভ সার্টিফিকেট প্রদর্শন করতে হবে।<br>(চ) অনুষ্ঠানস্থলের নির্ধারিত জায়গায় গ্যাস চালিত গাড়ী প্রবেশ করা যাবে না।<br>(ছ) আমন্ত্রিত দেশী-বিদেশী অতিথিবৃন্দের নামের তালিকা এসবি/ডিএমপি নিকট পূর্বেই প্রেরণ করতে হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয়/তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় জননিরাপত্তা বিভাগ/ জাতীয় বাস্তবায়ন কমিটি/ডিএমপি/ এসবি |

১৪। পরিশেষে সভাপতি সভায় সরাসরি এবং ভার্চুয়াল প্লাটফরমে সংযুক্ত সকলকে ধন্যবাদ জানিয়ে মহান বিজয় দিবসকে সামনে রেখে 'জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায়' ০২(দুই) দিনব্যাপী মুজিববর্ষের সমাপনী অনুষ্ঠান সুষ্ঠ ও শান্তিপূর্ণভাবে আয়োজনে আইন-শৃঙ্খলাসহ সার্বিক নিরাপত্তা নিশ্চিতকল্পে সবাইকে একযোগে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তাং-২১/১১/২০২১
(আসাদুজ্জামান খান এমপি)
মাননীয় মন্ত্রী
স্বরাষ্ট্র মন্ত্রণালয়

স্মারক নং-৪৪.০০.০০০০.০৭৯.২৪.০০১.২০২০-৬৩৭ তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৮ / ২৮ নভেম্বর ২০২১

বিতরণ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২. মাননীয় প্রতিমন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩. মাননীয় প্রতিমন্ত্রী, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
৪. প্রধান সমন্বয়ক, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটি।
৫. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা।
৭. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৮. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৯. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা।
১০. পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা।
১১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, ঢাকা।
১২. সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, ঢাকা।
১৩. উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৪. মহাপরিচালক, স্পেশাল সিকিউরিটি ফোর্স (এসএসএফ), ঢাকা।
১৫. মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি), ঢাকা।
১৬. মহাপরিচালক, ন্যাশনাল সিকিউরিটি ইন্টেলিজেন্স (এনএসআই), ঢাকা।
১৭. মহাপরিচালক, ডিরেক্টরেট জেনারেল অব ফোর্সেস ইন্টেলিজেন্স (ডিজিএফআই), ঢাকা।
১৮. মহাপরিচালক, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা।
১৯. মহাপরিচালক, র‌্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা।
২০. প্রধান নির্বাহী কর্মকর্তা, জাতীয় নিরাপত্তা বিষয়ক সেল, মন্ত্রিপরিষদ বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২১. বিভাগীয় কমিশনার, ঢাকা।
২২. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, এসবি, ঢাকা।
২৩. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিন পুলিশ (ডিএমপি), ঢাকা।
২৪. মহাপরিচালক, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২৫. মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।
২৬. জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা।
২৭. সার্জেন্ট এ্যাট আর্মস, বাংলাদেশ সংসদ সচিবালয়, ঢাকা।

সদয় অবগতি ও কার্যার্থে ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও ফোকাল পয়েন্ট) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব, (রাজনৈতিক ও আইসিটি) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৫। যুগ্মসচিব (রাজনৈতিক-২) জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

২৮.১১.২০২১

(শাহে এলিদ মাইনুল আমিন)
উপসচিব
টেলিফোন ঃ ৯৫৭৬৩৩৮
Email:political6.mha@gmail.com